গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

# পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তাগণের নাম:

জনাব মো. খায়রুল আলম সেখ, যুগ্মসচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
জনাব আমিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

পরিদর্শনের তারিখ: ১৩-১৪ মে ২০১৯

গত ১৩-১৪ মে ২০১৯ জনাব মো. খায়রুল আলম সেখ, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল পাবনা জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পাবলিক প্লেস পরিদর্শন করেন। এ সময়কালে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৫ বাস্তবায়ন অগ্রগতি সরেজমিন পরিদর্শন করেন। এছাড়া পাবনা জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসকের সঙ্গে আইন বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সার্বক্ষণিক সমন্বয়কারীর সঙ্গে এসব পরিদর্শনে ও আলোচনায় উপস্থিত থেকে আলোকচিত্র গ্রহণ ও তথ্য লিপিবদ্ধ করেন।

পরিদর্শনকৃত স্থানসমূহ: (১) জেলা প্রশাসকের কার্যালয়, (২) সার্কিট হাউজ, (৩) পাবনা জেলা স্টেডিয়াম, (৪) স্যামসন এইচ চৌধুরী টেনিস কমপ্লেক্স, (৫) ফি. ম. শামসুল আরেফিন জিমনেসিয়াম, (৬) মানসিক হাসপাতাল, (৭) শহর সমাজসেবা অফিস, (৮) পাবনা মেডিকেল কলেজ ও হাসপাতাল, (৯) বিপণি বিতান

**(১) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা**

আইন অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয় পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। ভবনের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক। নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে। তবে তা পর্যাপ্ত নয়।

(২) ভবনের অভ্যন্তরে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।

সুপারিশ: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি জেলা প্রশাসক, পাবনা-কে জানানো যেতে পারে।







**(২) সার্কিট হাউজ, পাবনা**

আইন অনুযায়ী সার্কিট হাউজে পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। পরিদর্শনকালে:

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক। কাগজে লেখা নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে।

(২) সার্কিট হাউজ এলাকার অভ্যন্তরে তামাকের স্থায়ী/অস্থায়ী কোন বিক্রয়কেন্দ্র ছিল না।

সুপারিশ: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি জেলা প্রশাসক, পাবনা-কে জানানো যেতে পারে।

**(৩) পাবনা জেলা স্টেডিয়াম**








আইন অনুযায়ী স্টেডিয়াম পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। স্টেডিয়ামের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) পরিদর্শনের সময় স্টেডিয়াম বন্ধ থাকায় কোন বিক্রেতা ছিল না বা কাউকে ধূমপান করতে দেখা যায়নি।

<u>**সুপারিশ:**</u> আইন অনুযায়ী জেলা স্টেডিয়াম ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে স্টেডিয়ামের সকল প্রবেশ/বহির্গমণ পথ, গ্যালারির বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার জন্য জেলা ক্রীড়া সংস্থা বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।

**(৪) স্যামসন এইচ চৌধুরী টেনিস কমপ্লেক্স**

আইন অনুযায়ী কমপ্লেক্সটি পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে কমপ্লেক্সের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) পরিদর্শনের সময় কমপ্লেক্স বন্ধ থাকায় কোন স্থায়ী/অস্থায়ী বিক্রেতা ছিল না। ভিতরে স্থায়ী কোন দোকান নাই এবং কাউকে ধূমপান করতে দেখা যায়নি।




<u>**সুপারিশ:**</u> আইন অনুযায়ী কমপ্লেক্স এলাকা (ভবন ও টেনিস কোর্ট) ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে প্রবেশ পথ, ভবন/কোর্টসংলগ্ন গ্যালারির বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ স্থাপন করার জন্য জেলা ক্রীড়া সংস্থা বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।




**(৫) ফি. ম. শামসুল আরেফিন জিমনেসিয়াম**

আইন অনুযায়ী ফি. ম. শামসুল আরেফিন জিমনেসিয়াম পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে জিমনেসিয়াম ভবনের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) পরিদর্শনের সময় কোন বিক্রেতা ছিল না বা কাউকে ধূমপান করতে দেখা যায়নি।

<u>**সুপারিশ:**</u> আইন অনুযায়ী ভবনটি ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে প্রবেশ/বহির্গমণ পথ, ভবনের বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার জন্য জেলা ক্রীড়া সংস্থা বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।

**(৬) মানসিক হাসপাতাল**











আইন অনুযায়ী পাবনা মানসিক হাসপাতাল ১০০% ধূমপানমুক্ত স্থান। হাসপাতাল ভবনসমূহের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) পরিদর্শনের সময় কোন বিক্রেতা (স্থায়ী/অস্থায়ী) ছিল না বা কাউকে ধূমপান করতে দেখা যায়নি।

**সুপারিশ:** আইন অনুযায়ী ভবনসমূহ ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে প্রবেশ/বহির্গমণ পথ, ভবনের বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার জন্য বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সিভিল সার্জন ও সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।

**(৭) শহর সমাজসেবা অফিস**

শহর সমাজসেবা অফিস ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী ভবনের অভ্যন্তরে নো-স্মোকিং সাইনেজ থাকলেও প্রবেশ পথে কোন সাইনেজ ছিল না।

(২) পরিদর্শনের সময় কাউকে ধূমপান করতে দেখা যায়নি। ছোট পরিসরের এ ভবনে কোন স্থায়ী/অস্থায়ী বিক্রয়কেন্দ্র ছিল না।

**সুপারিশ:** অফিসের প্রবেশ পথে ও ভেতরে বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করা দরকার। এজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সিভিল সার্জন ও সংশ্লিষ্ট স্থানীয় বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।





**(৮) পাবনা মেডিকেল কলেজ**









আইন অনুযায়ী পাবনা মেডিকেল কলেজ ১০০% ধূমপানমুক্ত স্থান। ভবনসমূহের প্রবেশ পথসহ বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) পরিদর্শনের সময় মেডিকেল কলেজ বন্ধ থাকায় কোন বিক্রেতা (স্থায়ী/অস্থায়ী) ছিল না বা কাউকে ধূমপান করতে দেখা যায়নি।

**<u>সুপারিশ:</u>** আইন অনুযায়ী ভবনসমূহ ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে প্রবেশ/বহির্গমণ পথ, ভবনের বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার জন্য পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি জেলা প্রশাসক, সিভিল সার্জন ও সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।





**(৯) বিপণি বিতান:** পাবনা জেলা শহরে নিউ মার্কেট-সহ একাধিক বিপণি বিতান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

**<u>সুপারিশ:</u>** আইন অনুযায়ী ভবনসমূহ ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে বিপণি বিতানসমূহের প্রবেশ/বহির্গমণ পথ, ভবনের বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন নিশ্চিত করার জন্য জেলা প্রশাসক, সিভিল সার্জন ও সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে পত্র প্রদান করা যেতে পারে।

প্রতিবেদন প্রণয়নকারী

আমিনুল ইসলাম সুজন
প্রোগ্রাম অফিসার